

## সূচীপত্র

১. আজ শনিবার! .....	৬
২. ঈশ্বর কি খেলাধূলা পছন্দ করেন?.....	৯
৩. একজনের একটি দৃশ্যপট.....	১৪
৪. কাজ করা.....	২০
৫. পেশাগত ক্রটি.....	২৪
৬. ঈশ্বরের পথে খেলাধূলা.....	২৯
৭. সম্মুখ সারিতে.....	৩৪
৮. দল (প্রত্যেকে মিলে একসঙ্গে অধিক অর্জন করা).....	৪০
৯. সকলে একজনের জন্য.....	৪৪
১০. একজন সকলের জন্য.....	৪৯
১১. তাকে হত্যা কর!.....	৫৩
১২. আম্পায়ারকে ভালবাসা-তুমি আন্তরিক হতে পারো না!.....	৫৮
১৩. কোচের সাথে কথা বলা.....	৬৩
১৪. খেলাধূলা তোমার মিশন বানাও!.....	৬৬

## ১ আজ শনিবার!

“ঈশ্বর আমাকে একটি উদ্দেশ্যে তৈরী করেছেন  
কিন্তু তিনি আমাকে দ্রুতগামী হিসাবেও তৈরী করেছেন  
এবং যখন আমি দৌড়াই আমি তাঁর আনন্দ অনুভব করি।”

### এরিক লিডেল এর উদ্ধৃতি

এখন শনিবারের সকাল এবং তুমি ঘুম থেকে উঠেছ এবং চিন্তা করছ “হ্যাঁ আজ শনিবার এবং আমি এই বিকাল বেলা একটি খেলা পেয়েছি।” তুমি খ্রীষ্টের প্রতি প্রতিশ্রুতিবদ্ধ, তুমি তোমার পরিবারকে ভালবাস এবং তুমি তোমার কাজ পছন্দ কর কিন্তু শনিবার বিকাল ৩টায় তুমি একটা অসাধারণ পথে জীবন পেলে। এটা হলো তোমার সাপ্তাহিক কার্যক্রমের উল্লেখযোগ্য একটি দিক। তুমি খেলার জন্য জন্মেছ। যদি তুমি সে ধরনের চিন্তা ভাবনাকে চিহ্নিত কর বা দৃশ্যপটটিকে স্বীকৃতি দেও তবে এই বইটি তোমার জন্য।

হয়তো তুমি তোমার খ্রীষ্টীয় জীবনের সাথে খেলা ধূলায় প্রতি তোমার একাগ্রতার মিল খুঁজে পাওয়ার প্রচেষ্টা চালিয়ে যাচ্ছ। তুমি নেটবল কোর্টের খেলার মাঝে পর্যায়ে যা কর এতে যে প্রাণ চাঞ্চল্যতা অনুভব কর তা অন্য ভাবে কখনও অনুভব কর না। বলটি নিয়ন্ত্রণ করা এবং স্কোর তোলায় যে অনুভূতি তা অসাধারণ; যা প্রায় অন্য যে কোন অভিজ্ঞতার চেয়ে শ্রেষ্ঠ।

### কিভাবে তা হতে পারে?

আমাদের মধ্যে অনেকে মনে করে যে আমরা দুই জীবনে বাস

করছি। রাগবী ক্লাবে একজন খ্রীষ্টান হিসাবে আমরা বেশ সচেতন থাকি যেন প্রতারণা, বাজে কথা বা অত্যাধিক মদপান না করি। কিন্তু মণ্ডলীতে লোকেরা মাঝে মধ্যে মনে করে আমরা খ্রীষ্টের চেয়ে রাগবী খেলায় বেশী প্রতিশ্রুতিবদ্ধ। তারা আলাদা জীবনের মত মনে করে। আমরা রবিবারে খ্রীষ্টান হওয়াটাকে সহজ হিসাবে খুঁজে পাই কিন্তু শনিবার বিকালে এটা কঠিন। তাহলে কি আমরা খেলা বন্ধ করে দিব? কিন্তু আমরা খেলা ভালবাসি। খেলাধূলা আমাদের জীবনে সব সময় একটি অপরিহার্য অংশ হিসাবে রয়েছে।

আমরা আমাদের স্থানীয় মন্ডলীর প্রতি প্রতিশ্রুতিবদ্ধ। আমরা নিয়মিত গির্জায় যাই। অর্থ দান করি। আমাদের ছোট দলে আমরা প্রতিশ্রুতিবদ্ধ। হতে পারে আমরা ফুল স্বভাবে এর উপর রয়েছে। এটা ঠিক আছে বা নাও হতে পারে! কিন্তু আমরা খেলাধূলা ভালবাসি এবং আমরা স্থানীয় হকি দলের জন্য খেলা করি।

আবার মাঝে মাঝে তুমি অনুভব করো যে খেলার জন্য যে টুকু সময় দেও ঐ সব লোকজন ইতিমধ্যে তাতে অস্বীকৃতি জানায়। “জন সত্যি তার পছন্দ বের করতে পেরেছে এবং মন্ডলীকে তার নিজস্ব পছন্দের শীর্ষে রেখেছে।” যদি তুমি একজন পেশাজীবীও হও কিন্তু তুমি কোন সপ্তাহে খেলার জন্য মন্ডলীর কোন সভায় যোগ দিতে অসমর্থ্য হলে, তুমি কেন যোগ দিতে পারলে না এটা সেখানে বলা খুব কঠিন। তুমি জান যীশুর অনুসারী হিসাবে তুমি কম নও কারণ তুমি খেলাধূলা করে থাকো। কিন্তু কিভাবে তুমি এই দুঃচিন্তার সাথে মোকাবেলা করবে? এ ধরনের দুঃচিন্তা মোকাবেলার জন্য বিভিন্ন প্রশ্নের মধ্যদিয়ে এই বইটি তোমাকে সাহায্য করতে শুরু করেছেঃ

যেমন খেলাধূলায় কি খ্রীষ্টীয় দৃষ্টিভঙ্গী রয়েছে? আমাদের খেলাধূলায় দক্ষতা কি ঈশ্বর হইতে? যে জয়ী হয় বা আমরা যেভাবে খেলি, ঈশ্বর কি এভাবে পরিচালনা করে? আমরা বিশ্বাস করি যে একজন দুর্বল খ্রীষ্টান বা একজন খারাপ ক্রীড়াব্যক্তি না হয়েও ক্রীড়া বিশ্বে একজন খ্রীষ্টান হওয়া সম্ভব। এই বইটি খুব সাধারণভাবে দেখাতে চায় যে এমন কোন কারণ নেই যাতে তুমি একজন খ্রীষ্টান হিসাবে এবং খ্রীষ্টীয় পথে খেলাধূলা করতে পার না।



### চিন্তা

যুক্তরাজ্যে প্রায় ১২৫,০০০ স্পোর্টস ক্লাব রয়েছে। একটু কল্পনা করুন ওই ক্লাবগুলোর প্রতিটিতে যীশু খ্রীষ্টের প্রতিনিধিত্বকারী একজন খ্রীষ্টান থাকলে কেমন হতো। আসুন আপনার ক্লাবে আপনাকে দিয়ে শুরু করি।



### আলোচনা

যদি আমি আমার ক্লাবে খ্রীষ্টকে প্রতিনিধিত্ব করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হই তাহলে কিভাবে সেটা আমার খেলাধূলায় আমার আচরণকে পরিবর্তন করবে?



### কাজ

প্রতিটি খেলা বা প্রশিক্ষণ কর্মশালায় যাওয়ার পূর্বে প্রার্থনা করুন যে আপনি যীশু খ্রীষ্টকে কার্যকরীভাবে প্রতিনিধিত্ব করবেন।